# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৭৬৫

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কবর যিয়ারত

### আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: مَرَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقُبُورٍ بِالْمَدِينَةِ فَأَقْبَلَ عَلَيْهِمْ بِوَجْهِهِ فَقَالَ: «السَّلَامُ عَلَيْكُمْ يَا أَهْلَ الْقُبُورِ يَغْفِرُ اللَّهُ لَنَا وَلَكُمْ أَنْتُمْ سَلَفُنَا وَنَحْنُ بِالْأَثَرِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

### বাংলা

১৭৬৫-[৪] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একবার) মদীনার কবরস্থানের পাশ দিয়ে যাচ্ছিলেন। তিনি কবরস্থানের দিকে মুখ ফিরালেন এবং বললেন, ’’আস্‌সালা-মু ’আলায়কুম ইয়া- আহলাল কুবূরি, ইয়াগফিরুল্ল-হু লানা- ওয়ালাকুম, আন্‌তুম সালাফুনা- ওয়ানাহ্‌নু বিল আসার’’ (অর্থাৎ হে কবরবাসী! তোমাদের ওপর সালাম পেশ করছি। আল্লাহ তা’আলা আমাদের ও তোমাদেরকে মাফ করুন। তোমরা আমাদের পূর্ববর্তী আর আমরা তোমাদের পশ্চাৎগামী)। (তিরমিযী; তিনি বলেছেন, এ হাদীসটি হাসান গরীব)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আত্ তিরমিযী ১০৫৩, রিয়াযুস সলিহীন ৫৮৯, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ৩৩৭২। কারণ এর সানাদে ক্বাবূস ইবনু আবী যব্‌ইয়ান একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের মাধ্যমে উম্মাতের পথপ্রদর্শক ও শিক্ষক রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উম্মাতকে কবর যিয়ারতের নিয়ম-কানুন শিক্ষা দিয়েছেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কবরস্থানে গেলেন এবং কবরবাসীদের দিকে ফিরে সালাম দিলেন।

আল্লামা মুল্লা ‘আলী ক্বারী (রহঃ) বলেন, এ হাদীস এদিকে নির্দেশ করছে যে, কবর যিয়ারতকারীদের ক্ববরের দিকে ফিরে সালাম দেয়া এবং তাদের জন্য দু‘আ করার সময় ক্ববরের দিকে ফেরা মুস্তাহাব। সমস্ত মুসলিমদের

এর উপরই ‘আমল করতে হবে। তবে এ ক্ষেত্রে হাফিয ইবনু হাজার আসক্বালানী (রহঃ) বিরোধিতা করেছেন। তিনি বলেন, দু‘আর সময় ক্বিবলামুখী হওয়ার সুন্নাত। যেমনিভাবে সাধারণ দু‘আর ব্যাপারে বিভিন্ন হাদীস থেকে জানা যায়।

মৃতদের উদ্দেশে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী, তোমরা আমাদের অগ্রে চলে গেছ। যেহেতু তারা মৃত্যুর মাধ্যমে পিতা-মাতা, আত্মীয়-স্বজনের পূর্বে চলে যায়, তাই তাদেরকে সালাফ বলা হয়েছে।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী ونحن بالأثر অর্থাৎ আমরা তোমাদের পশ্চাদপদ অনুরসণ করব। অর্থাৎ আমরা পেছনে অনুসরণকারী হয়ে তোমাদের সাথে মিলিত হব। তোমরা যেমন মৃত্যুবরণ করে কবর জগতে চলে গেছ। সুতরাং আমরাও সে মৃত্যুর মাধ্যমে কবর জগতে তোমাদের সাথে মিলিত হব। ইমাম তিরমিযী (রহঃ) বলেন, এ হাদীসটি হাসান ও গরীব।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56325

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন